অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন মিডটাউন ম্যানহাটনের নতুন লং আইল্যান্ড রেল রোড টার্মিনালের নাম হবে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন

এই বছর ম্যানহাটনের ইস্ট সাইডে LIRR সেবা শুরু করার লক্ষ্য স্থির আছে

টার্মিনালটি খুললে যুগান্তকারী LIRR সেবা 40 শতাংশ বৃদ্ধি পাবে, ফিরতি-যাত্রা, কম ব্যস্ততার সময় বিচক্ষণ যাত্রা উন্নত করবে এবং পেন স্টেশনের ভিড় কমাবে

প্রস্তাবিত টাইমটেবিল হলো অনেক দশকের মধ্যে প্রথম সার্বিক সময়সূচির পুনর্লিখন; ফিরতি-যাত্রা এবং কম ব্যস্ততার সময়ের সেবায় উল্লেখযোগ্য উন্নয়ন অন্তর্ভুক্ত

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) ও ম্যাডিসন অ্যাভিনিউয়ের (Madison Avenue) নিচে, 43 স্ট্রিট থেকে 48 স্ট্রিট পর্যন্ত 700,000 বর্গফুটের লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) টার্মিনালের, যার কাজ প্রায় শেষ হয়ে এসেছে, নাম হবে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন (Grand Central Madison)। নতুন নাম গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন স্টেশনটির অবস্থান বিবেচনা করে রাখা হয়েছে, এটি গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল ও জনপ্রিয় ম্যাডিসন অ্যাভিনিউ করিডোরের নিচে অবস্থিত। নতুন টার্মিনালে LIRR ট্রেন সেবা এই বছর শেষ হওয়ার আগে চালু হওয়ার সময়সূচি ধরে রাখছে, 8 সেপ্টেম্বর, 1910 তারিখে মূল পেনসিলভেনিয়া স্টেশন এবং এর ইস্ট রিভার টানেল খোলার পরে 112 বছরে এটিই LIRR সেবার সর্ববৃহৎ সম্প্রসারণ। LIRR এই সপ্তাহে খসড়া টাইমটেবিল প্রকাশ করবে, যা পাবলিক তথ্য সেশনের পূর্বে নতুন সেবা দেখাবে।

নতুন টার্মিনালটি 1950 দশকের পর মার্কিন যুক্তরাষ্ট্রে নির্মিত সর্ববৃহৎ যাত্রী রেল টার্মিনাল, এবং লং আইল্যান্ড রেলরোডকে ইস্ট সাইডের সাথে সংযুক্ত করার 11.1 বিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো প্রকল্পটি সম্পূর্ণ ডাউনস্টেট অঞ্চল ও এখানে আসা মানুষদের জন্য অপরিমেয় সুবিধা প্রদান করবে, শুধু ভিড়ের সময় নয়, বরং ফিরতি-ব্যস্ততম ভিড়ের সময়, বিচক্ষণ এবং কম ব্যস্ততার ফিরে আসার সময়েও বিরামহীন আঞ্চলিক যাতায়াত উন্নত করবে।

"এটি নিউ ইয়র্ক স্টেট, লং আইল্যান্ড, এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) জন্য এটি আনন্দদায়ক, ঐতিহাসিক মুহূর্ত যেহেতু নিউ ইয়র্কবাসীরা আর কয়েক মাসের মধ্যেই ইস্ট মিডটাউন ও লং আইল্যান্ডের মধ্যে বিরামহীন ট্রেনে

যাত্রা করতে পারবে," **গভর্নর হোকল বলেন।** "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিস, 1950 দশকের পর নির্মিত সর্ববৃহৎ নতুন যাত্রী রেল টার্মিনাল, লং আইল্যান্ডের জন্য সবকিছু আমূলে পাল্টে দিবে, LIRR-কে নাটকীয় তাদের সেবা সম্প্রসারণ করতে দিবে এবং যাতায়াতকারীদের জন্য আরো নির্ভরযোগ্যভাবে পরিচালনা করতে দিবে, এবং পেন স্টেশনের অতিরিক্ত ভিড় হ্রাস করবে। আমরা মহামারী থেকে আরো মজবুত হয়ে ফেরত আসা অব্যাহত রাখবো এবং নিউ ইয়র্কবাসীর জন্য অত্যাধুনিক, একবিংশ শতাব্দীর অবকাঠামো প্রদান করতে থাকবো।"

"MTA গত চার বছর কঠোর পরিশ্রম করেছে, পুরো মহামারী চলাকালীন সময়েও, যাতে 2022 সালের উদ্বোধনের তারিখটি ঠিক রাখা যায়," **বলেন MTA প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার।** "আমরা প্রকল্প ব্যবস্থাপনার পুনঃকল্পনা করেছি যাতে নিশ্চিত করা যায় যে সংলগ্ন চুক্তিগুলিও যত্নসহকারে সমন্বয় করা হচ্ছে যাতে বিলম্বকারী দ্বন্দ্ব এড়ানো যায়; পরিবর্তনের ক্রম প্রক্রিয়া সহজতর করেছি; প্রকল্পের ব্যবস্থাপকদের ক্ষমতায়ন করেছি এবং মাত্র 8,500 কর্মকাণ্ডসহ অপর্যাপ্ত বিস্তারিতসহ একটি সময়সূচিকে 40,000টি অনন্য আইটেম ও কাজে রূপান্তর করেছি যার উপর নজর রাখা যায় ও সম্পূর্ণ করা যায়।"

"লং আইল্যান্ড রেলরোড কর্মীবাহিনী এবং ঠিকাদারেরা পুরো মহামারীর সময় নিরাপদে কাজ করে গেছে যাতে এই প্রকল্পটি সময়সীমার মধ্যেই থাকে, এবং আমি তাদের অঙ্গীকারের প্রশংসা করছি," **বলেন MTA নির্মাণ ও বিকাশের (MTA Construction & Development) প্রেসিডেন্ট জেমি টোরেস-স্প্রিঙ্গার।** "এই প্রকল্পটির কাজ শেষ হলে LIRR এর ব্যস্ততম সময়ের ধারণক্ষমতা বৃদ্ধি পাবে, এবং LIRR থার্ড ট্র্যাক (LIRR Third Track) প্রকল্পের সাথে মিলে এটি ম্যানহাটন ও লং আইল্যান্ডের মধ্যকার একটি সত্যিকারের ফিরতি যাত্রাপথকে বাস্তবে পরিণত করবে।"

LIRR মেইন লাইনে (LIRR Main Line) একটি নতুন থার্ড ট্র্যাকসহ গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনের উদ্বোধন 2022 সালে হওয়ার কথা রয়েছে, এবং এটি স্টেটব্যাপী সেবা সকালের ব্যস্ততম সময়ে 40 শতাংশের বিশাল পরিমাণে বৃদ্ধি করবে, এবং ফিরতি ব্যস্ততম সময়ে নাটকীয়ভাবে বৃদ্ধি করবে। এটি ম্যানহাটনে LIRR-র প্রথম প্রবেশ পয়েন্ট হবে যা অন্য রেলরোডের সাথে ভাগ করতে হবে না, অর্থাৎ আরো ভালো নির্ভরযোগ্যতা যেহেতু সেবা বিঘ্নিত হওয়ার সংস্পর্শে কম আসবে, এবং কোনও বিঘ্ন ঘটলে বিকল্প পেতে ট্রেন ও যাত্রীদের জন্য আরো নমনীয়তা।

গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পেন স্টেশনের যাত্রী ভিড় কমাবে, যার ফলে এই দশকের শেষের দিকে মেট্রো-নর্থ রেলরোড (Metro-North Railroad) থেকে ট্রেন আসার একটি সুযোগ তৈরি হবে। নতুন টার্মিনালটি কিছু LIRR ট্রেনকে ইস্ট সাইডে সরিয়ে নিবে, যার ফলে পেন স্টেশনের ভিড় কমবে এবং এটিকে প্রাকৃতিক আলোতে উন্মুক্ত করে একটি সম্পূর্ণ পুনর্নির্মাণ এবং সজ্ঞাতমূলক পথ খোঁজা, ট্রেন ছাড়ার তথ্য, বের হওয়ার পথ, প্রবেশপথ, এবং ট্র্যাকের পথ আরো সহজলভ্য করে আরো সম্প্রসারিত একত্রিত যাত্রী কনকোর্স গঠন সম্ভব করবে।

নতুন টার্মিনালটিতে আটটি ট্র্যাক এবং বিদ্যমান গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের নিচের তোলার নিচে দুটি নতুন তলায় চারটি প্ল্যাটফর্ম থাকবে, যার সব নকশা করা হয়েছে নিষ্ক্রিয় পথ খোঁজার ব্যবস্থাসহ যাতে ফেরত আসা ব্যবহারকারীদের অবস্থান অনুযায়ী রঙের সামান্য তারতম্য দ্বারা

অবস্থানের সাথে পরিচিত করতে পারে। সকল ট্র্যাক এবং প্ল্যাটফর্ম মেট্রো-নর্থ রেলরোড থেকে সম্পূর্ণ পৃথক, যা নিশ্চিত কবে যে কোনও রেলরোড যাতে অন্যটির বিলম্বের কারণ না হয়। টার্মিনালে থাকবে রিয়েল টাইম ডিজিটাল সাইনেজ, শক্তিশালী সেল সেবা এবং ওয়াইফাই, 25টি খুচরা বিক্রয়ের দোকান, 43 স্ট্রিট এবং 48 স্ট্রিটের মাঝখানে ম্যাডিসন অ্যাভিনিউ সংলগ্ন সড়কের উচ্চতায় চারটি নতুন প্রবেশপথ এবং গ্র্যান্ড সেন্ট্রালের বিদ্যমান স্থানে দুইটি নতুন প্রবেশপথ এবং 45 ও 47 স্ট্রিটের মধ্যে গ্র্যান্ড সেন্ট্রালের উত্তর প্রান্তের প্যাসেজওয়েতে দুইটি নতুন প্রবেশপথ।

MTA নির্মাণ ও বিকাশের কর্মীরা, MTA লং আইল্যান্ড রেলরোড এবং ঠিকাদারেরা সিগন্যাল, সুইচ, বৈদ্যুতিক পাওয়ার, কাস্টোমার সেবা ডেটা, এবং HVAC ব্যবস্থা পরীক্ষা করে দেখছে যাতে নিশ্চিত করা যায় যে ট্রেন সেবা শুরু হওয়ার পূর্বে সবকিছু যথাযথভাবে কাজ করছে, এবং লিরি ট্রেন পরিচালনাকারী কর্মীদের নতুন টার্মিনালের লেআউট ও পরিচালনা নিয়ে প্রশিক্ষণ দিচ্ছে।

LIRR খসড়া টাইমটেবিল প্রকাশ করবে

এই সপ্তাহে, LIRR প্রতিটি LIRR শাখার জন্য খসড়া টাইমটেবিল প্রকাশ করবে যেখানে LIRR-র গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন টার্মিনাল খুলে দেওয়ার পর প্রস্তাবিত সিস্টেমব্যাপী সেবা দেখানো থাকবে। LIRR টাইমটেবিলে জনগণের মত নেওয়ার জন্য আগামী মাসে চারটি ভার্চুয়াল পাবলিক তথ্য সেশন আয়োজন করবে।

"আমাদের সেবা পরিকল্পনাকারীরা গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে সেবা শুরুর হওয়ার সুযোগ ব্যবহার করেছে সময়সূচিতে একটি সম্পূর্ণ নতুন চেহারা প্রদানের জন্য, যা 30 বছরের বেশি সময় ধরে করা হয়নি," **বলেন LIRR-র অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি।** "আমরা চাই জনগণ যাতে এই খসড়া টাইমটেবিলগুলি সেবা শুরু হওয়ার অনেক মাস পূর্বেই দেখতে পারে, এবং এই শরতে চূড়ান্ত টাইমটেবিল প্রকাশ করার পরিকল্পনা রয়েছে।"

যেসকল প্রতিবন্ধকতা LIRR-র ধারণক্ষমতা এলাকাকে সীমিত করে রেখেছিলো তা অপসারিত হচ্ছে ম্যানহাটনে ট্র্যাক ধারণক্ষমতা প্রায় দ্বিগুণ হওয়া, LIRR মেইল লাইনে একটি থার্ড ট্র্যাক, এবং the 1950 দশকের পর মার্কিন যুক্তরাষ্ট্রে খোলা সর্ববৃহৎ নতুন রেল টার্মিনাল গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন খোলার কারণে।নতুন টাইমটেবিলটি কয়েক প্রজন্মের মধ্যে হওয়া সর্বাধিক নাটকীয় LIRR সেবা বৃদ্ধির উপর বিস্ময়কর মাত্রার সূক্ষ্মভাবে স্থির করা বিস্তারিত প্রদান করবে।

সিস্টেমব্যাপী সেবা বৃদ্ধি রকার অর্থ হলো সকালের ব্যস্ততার সময়, রাতের ব্যস্ততার সময়, ফিরতি ব্যস্ততার সময়, এবং কম ব্যস্ততার সময় আরো বেশি ট্রেন থাকবে।

টাইমটেবিল LIRR ট্রেনের সর্বমোট সংখ্যা 40 শতাংশ বৃদ্ধি করার প্রস্তাব করে। সকালের ব্যস্ততম সময়ের ট্রেনের সংখ্যা 40 শতাংশের কিছু বেশি বৃদ্ধি পাবে এবং বিকাল/সন্ধ্যার ব্যস্ততম সময়ে ট্রেনের সংখ্যা প্রায় 65 শতাংশ বৃদ্ধি পাবে। নতুন টার্মিনাল এবং LIRR মেইল লাইন সম্প্রসারণ প্রকল্পের (থার্ড ট্র্যাক) (LIRR Main Line Expansion Project (Third Track)) কল্যাণে, ফিরতি

ব্যস্ততম সময়ের সেবা নাটকীয়ভাবে উন্নত হবে রঙ্কনকমা, হান্টিংটন এবং সকল তাৎক্ষণিক স্থানে, এবং একই সাথে ব্রুকলিনেও, যেখানে জ্যামাইকার সেবা বৃদ্ধি পাচ্ছে।

টাইমটেবিলগুলি অনেক শাখায় ট্রেনের মধ্যকার বিরতি উন্নত করবে, ফলে সেবার মাঝে বিরাট শূন্যস্থান পূরণ হবে। দিনের মধ্যভাগে, সন্ধ্যায়, এবং সপ্তাহান্তের কম ব্যস্ততার সময়ে, হান্টিংটন এবং রঙ্কনকমা উভয় স্থানে প্রতি 30 মিনিটে ম্যানহাটনে যাওয়ার সেবা থাকবে, এবং সপ্তাহান্তে রঙ্কনকমা শাখায় সেবা দ্বিগুণ হয়ে যাবে ডাবল ট্র্যাক প্রকল্পের (Double Track Project), যা ফার্মিংডেল এবং রঙ্কনকমার মধ্যে একটি একদম নতুন 13 মাইলের ট্র্যাক আনবে, এবং মেইন লাইন সম্প্রসারণ প্রকল্পের কাজ শেষ হলে।

ওয়েস্ট হেম্পস্টিড শাখায়, কম ব্যস্ততার সময় ট্রেন চলবে প্রতি ঘণ্টায় ঘণ্টায়, যা বর্তমানের থেকে দ্বিগুণ, এবং ভ্যালি স্ট্রিমে ট্রেন পরিবর্তনের প্রয়োজন অপসারিত হবে। কুইন্সের স্টেশনগুলিতে ব্যস্ততম ও কম ব্যস্ততার সময়ে, পুরো দিনে সেবা বৃদ্ধি হবে।

"জ্যামাইকায় পরিবর্তন" বিবর্তন

বর্তমানে একটি সংযোগকারী লাইনের অপেক্ষায় থাকা ট্রেনের কারণে জ্যামাইকা স্টেশনে যে বিলম্ব হতে পারে তা হ্রাস করার জন্য, এবং LIRR-কে স্টেশনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ বেশি ট্রেন সরানোর জন্য, জ্যামাইকাতে আর ট্রেনের নির্ধারিত সময়সূচির সংযোগ থাকবে না।

ম্যানহাটনগামী যাত্রীরা বেশির ভাগ শাখায় ভিড়ের সময়, এবং সবথেকে ব্যস্ত শাখাগুলিতে সারাদিন অনেক বিকল্প সুযোগ পাবে, ট্রেন বদল না করে নিজেদের পছন্দের টার্মিনালে পৌঁছানোর জন্য। যাদের জন্য বদল প্রয়োজন, সকল ট্রেন এখন জ্যামাইকাতে থামবে যাতে অপেক্ষার সময় কম হয়। এই শরতে সময়সূচি চূড়ান্ত হয়ে গেলে, ট্রেনটাইম অ্যাপটি বদলের সুপারিশ প্রদান করতে হালনাগাদ করা হবে।

ব্রুকলিনে সেবা 28 শতাংশ বৃদ্ধি পাবে

ব্রুকলিনে, উভয় দিকে ব্যস্ততম সময় আনুমানিক প্রতি 12 মিনিটে ট্রেন চলবে এবং কম ব্যস্ততার সময় প্রতি 20 মিনিটে ট্রেন চলবে এবং দৈনিক ট্রেন সর্বমোট 28 শতাংশ বৃদ্ধি পাবে। প্রতিটি ট্রেন নস্ট্র্যান্ড অ্যাভিনিউ এবং ইস্ট নিউ ইয়র্কে থামবে। বেশিরভাগ ব্রুকলিন ট্রেন নতুন প্ল্যাটফর্ম F ব্যবহার করে জ্যামাইকা থেকে ছাড়বে এবং এখানেই শেষ হবে, কিন্তু LIRR ওয়েস্ট হেম্পস্টিড শাখায় ব্যস্ততম সময় এবং কম ভিড়ের সময়, এবং ব্যাবিলন ও হেম্পস্টিড শাখায় ব্যস্ততম সময় কিছু সেবা বজায় রাখবে। ফার রকাওয়ে এবং হেম্পস্টিড সাকার বেশিরভাগ যাত্রীদের কাছে, যাদের ট্রেন বর্তমানে মূলত ব্রুকলিনে সেবাদান করে, এখন সারাদিন ম্যানহাটন পর্যন্ত সরাসরি সেবা থাকবে।

LIRR নতুন টাইমটেবিল নিয়ে তথ্য সেশনের আয়োজন করবে

LIRR প্রস্তাবিত নতুন টাইমটেবিল চারটি ভার্চুয়াল কাস্টোমার তথ্য সেশন আয়োজন করবে নিচের সময় ও তারিখে:

- 23 জুন - সন্ধ্যা 6টা -7টা।
- 30 জুন - সন্ধ্যা 6টা -7টা।
- 7 জুলাই - সন্ধ্যা 6টা -7টা।
- 13 জুলাই - সন্ধ্যা 6টা - রাত 8টা।

প্রতিনিধি ক্যারোলিন ম্যালোনি বলেন, "দীর্ঘদিনের প্রতীক্ষিত ইস্ট সাইড অ্যাক্সেস প্রকল্পটি, যা লং আইল্যান্ড রেলরোড সেবাকে ম্যানহাটনের ইস্ট সাইডের সাথে সংযুক্ত করে, বাস্তব হতে আর মাত্র কয়েকটি ধাপ বাকি। সেবাটি লং আইল্যান্ডের অধিবাসীদের সিটিতে যাতায়াতের পথ বদলে দিবে, ইস্ট সাইডের সেবা সম্প্রসারণ করবে, এবং নিউ ইয়র্কের অর্থনীতি যখন ফেরত আসছে তখন যাত্রীর সংখ্যা আরো বৃদ্ধি করবে। আমি এই প্রকল্পের ফেডারেল অংশীদার হয়ে প্রকল্পটির কাজ শেষ করতে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করতে পেরে গর্বিত।"

স্টেট সিনেটর ব্র্যাড হোলিম্যান বলেন, "আমি গভর্নরের এই ঘোষণায় অত্যন্ত আনন্দিত যে নতুন করে নাম পাওয়া গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পূর্বপরিকল্পনা অনুযায়ী 2022 সালে উদ্বোধন করা হবে। বিস্তৃত এবং নির্ভরযোগ্য গণপরিবহনই এখনো নিউ ইয়র্ক ও মিডটাউন ম্যানহাটনকে বিশ্বের অন্যান্য শহর থেকে আলাদা করে রেখেছে এবং গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন লং আইল্যান্ডের সাথে একটি সংযোগ প্রদান করে এবং পেন স্টেশনে যাত্রীদের ভিড় হ্রাস করে এই প্রতিযোগিতামূলক সুবিধা বৃদ্ধি করতে থাকবে। আমি নির্মাণকর্মী ও MTA কর্মীদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ যারা এই অগ্রগতিকে সম্ভব করেছে, বিশেষ করে কোভিড-19 মহামারীর কঠিন সময়ে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন, "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পেন স্টেশনের ভিড় হ্রাসকরণের পাশাপাশি ইস্ট সাইডের জন্য একটি বড় আশীর্বাদ হবে। ম্যানহাটনে ট্রানজিট উন্নত করা স্থানীয় অর্থনীতির পুনরুদ্ধারকে চালিত করতে সাহায্য করবে, বিশেষ করে এমন একটি ব্যবসায়িক করিডোরের জন্য যা মহামারী দ্বারা জর্জরিত হয়েছে। টার্মিনাল এবং বর্ধিত সেবা এছাড়াও ম্যানহাটনে গাড়িতে যাতায়াত কম করার উৎসাহ দেয়, যা পরিবেশ ও জীবনযাত্রার মানের জন্য একটি জয়।"

কাউন্সিলের সদস্য কিথ পাওয়ার্স বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনের নতুন LIRR সেবা এই বছর মিডটাউন ম্যানহাটনে আসছে। নিউ ইয়র্ক সিটি সদা গতিশীল, এবং আমাদের পুনরুদ্ধার সকলের জন্য দ্রুত, নির্ভরযোগ্য, এবং সহজলভ্য পরিবহন ব্যবস্থার উপর নির্ভর করে। আমি আমাদের শহরে গণপরিবহনকে অগ্রাধিকার প্রদানে তাদের প্রচেষ্টার জন্য গভর্নর হোকল এবং MTA-র প্রশংসা করছি এবং এই টার্মিনালের কাজ শেষ হওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন